একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

# কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মুহম্মদ শাহীন ইমরান, জেলা প্রশাসক, কক্সবাজার |
| সভার তারিখ ও সময় | : ১৪ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ,বেলা : ১২:০০ ঘটিকা |
| সভার স্থান | : শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করলে সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় বোরো হাইব্রিড, বোরো উফশী ফসলের আবাদ বৃদ্ধি ও সমলয় চাষাবাদের জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সারসরবরাহ বাবদ কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে প্রণোদনা কর্মসূচির ০৩টি বরাদ্দ পাওয়া গিয়েছে । কর্মসূচি বাস্তবায়নের জন্য কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখা এর স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২১.২৯৫, তারিখ : ১৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ মূলে কক্সবাজার জেলায় বোরো হাইব্রিড চাষাবাদ বাবদ ১,২৪,০০,০০০/-(এক কোটি চব্বিশ লক্ষ ) টাকা (পতাকা-গোলাপী ১) কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখা এর স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২০.৩০২, তারিখ : ৩১ অক্টোবর ২০২৩ খ্রিঃ মূলে সমলয়ে চাষাবাদ এর ৫০ একরের ০২ টি সমলয়ে ব্লক প্রদর্শনী বাবদ ২৮৫৭০০০ (আটাশ লক্ষ সাতান্ন হাজার) টাকার বরাদ্দ পাওয়া যায় (পতাকা গোলাপী-২) এবং ১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৩১৫ তারিখঃ ১২ নভেম্বর ২০২৩ খ্রিঃ মূলে বোরো ধানের উফশী বীজ ও সার বাবদ ১,০৭,৬২,৫০০/- (এক কোটি সাত লক্ষ বাষট্টি হাজার পাঁচশত )টাকার অর্থ বরাদ্দ পাওয়া যায় (পতাকা গোলাপী -৩)

## বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়

**সিদ্ধান্ত নং-১ :** কক্সবাজার জেলায় রবি মৌসুমে বোরো হাইব্রিড, বোরো সমলয় ও বোরো উফশী চাষাবাদের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি (কপি সংযুক্ত) পালন সাপেক্ষে উক্ত কর্মসূচি সমূহ বাস্তবায়নের জন্য উপজেলার আবাদি উপযুক্ত জমির প্রকৃতি, মাটির ধরণ এবং এলাকার উপযোগিতার ভিত্তিতে উপজেলাভিত্তিক নিম্নবর্ণিত ছক মোতাবেক বোরো হাইব্রিড, বোরো উফশী বিভাজন এবং ৫০ একরের সমলয় ব্লক প্রদর্শনী চকরিয়া ও টেকনাফউপজেলায় দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা/বিঘা | | |
|---|---|---|---|---|
| | | বোরো হাইব্রিড | বোরো উফশী | সমলয়ে চাষাবাদ |
| ১ | চকরিয়া | ৪৫০০ | ৩০০০ | ১টি (৫০ একর) |
| ২ | পেকুয়া | ২৫০০ | ২০০০ | ০ |
| ৩ | রামু | ২৭০০ | ২০০০ | ০ |
| ৪ | সদর | ১৬০০ | ১২০০ | ০ |
| ৫ | উখিয়া | ২৫০০ | ২০০০ | ০ |
| ৬ | টেকনাফ | ১৫০০ | ১০০০ | ১টি (৫০ একর) |
| ৭ | মহেশখালী | ২৫০০ | ২০০০ | ০ |
| ৮ | কুতুবদিয়া | ১০০০ | ১০০০ | ০ |
| ৯ | ঈদগাঁও | ১২০০ | ৮০০ | ০ |
| | মোট | ২০০০০ | ১৫০০০ | ২টি (১০০ একর) |

জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল :বোরো হাইব্রিড

| ক্র নং | উপকরণ/খাত | বোরো হাইব্রিড (বিঘা প্রতি খরচ) | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (কেজি) | বিঘাপ্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | বীজ | ০২ | ৬২০ |
| | মোট | ০২ | ৬২০ |

৪৫০০.

ফসল : বোরো হাইব্রিড

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯-বীজ ও চারা (টাকা) | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | চকরিয়া | ৪৫০০ | ২৭৯০০০০ | ১২০০০ | ৬৭৫০ | ১৮৭৫০ | ২৮০৮৭৫০ |
| ২ | পেকুয়া | ২৫০০ | ১৫৫০০০০ | ৭৫০০ | ৩৭৫০ | ১১২৫০ | ১৫৬১২৫০ |
| ৩ | রামু | ২৭০০ | ১৬৭৪০০০ | ৬৫০০ | ৪০৫০ | ১০৫৫০ | ১৬৮৪৫৫০ |
| ৪ | সদর | ১৬০০ | ৯৯২০০০ | ২৯০০ | ২৪০০ | ৫৩০০ | ৯৯৭৩০০ |
| ৫ | উখিয়া | ২৫০০ | ১৫৫০০০০ | ৭৫০০ | ৩৭৫০ | ১১২৫০ | ১৫৬১২৫০ |
| ৬ | টেকনাফ | ১৫০০ | ৯৩০০০০ | ৬০০০ | ২২৫০ | ৮২৫০ | ৯৩৮২৫০ |
| ৭ | মহেশখালী | ২৫০০ | ১৫৫০০০০ | ৯৫০০ | ৩৭৫০ | ১৩২৫০ | ১৫৬৩২৫০ |
| ৮ | কুতুবদিয়া | ১০০০ | ৬২০০০০ | ৪৫০০ | ১৫০০ | ৬০০০ | ৬২৬০০০ |
| ৯ | ঈদগাঁও | ১২০০ | ৭৪৪০০০ | ৩৬০০ | ১৮০০ | ৫৪০০ | ৭৪৯৪০০ |
| | মোট | ২০০০০ | ১২৪০০০০০ | ৬০০০০ | ৩০০০০ | ৯০০০০ | ১২৪৯০০০০ |

রবি মৌসুম : বোরো সমালয়ে চাষাবাদ হাইব্রিড

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকার ভোগী কৃষকের সংখ্যা | বীজের পরিমাণ (কেজি) | ইউরিয়া (কেজি) | ডিএপি (কেজি) | এমওপি (কেজি) |
|---|---|---|---|---|---|---|
| ১ | চকরিয়া | ন্যুনতম ৫০ জন | ৩০০ | ৪৫০০ | ২০০০ | ২৫০০ |
| ২ | টেকনাফ | ন্যুনতম ৫০ জন | ৩০০ | ৪৫০০ | ২০০০ | ২৫০০ |
| | মোট | ১০০ | ৬০০ | ৯০০০ | ৪০০০ | ৫০০০ |

জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল: বোরো সমালয়ে হাইব্রিড ব্লক চাষাবাদ প্রদশনী

| ক্র: নং | উপকরণ/খাত | ব্লক প্রতি একর খরচ বিবরণী | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (পরিমাণ/সংখ্যা/কেজি) | বিঘাপ্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ০১ | ট্রে বাবদ | ৯০টি | ১০৮০০.০০ |
| ০২ | বীজ বোরো হাইব্রীড | ৬ কেজি | ১৮০০.০০ |
| ০৩ | ট্রে তৈরি | ০৪ জন | ২০০০.০০ |
| ০৪ | বীজতলার পরিচর্যা | ০৪ জন | ২০০০.০০ |
| ০৫ | রাইচ ট্রান্সপ্লান্টারের সাহায্যে চারা রোপন | থোক | ৩০০০.০০ |
| ০৬ | রাসায়নিক সার ইউরিয়া | ৯০ কেজি | ২২৫০.০০ |
| | ডিএপি | ৪০ কেজি | ৭৬০.০০ |
| | এমওপি | ৫০ কেজি | ৯০০.০০ |
| ০৭ | ফসল কাটা | থোক | ৪৫০০.০০ |
| ০৮ | আনুষাঙ্গিক ব্যয় | থোক | ৪৬০.০০ |
| | | একর প্রতি মোট খরচ | ২৮৪৭০.০০ |
| ৫০ একরের একটি ব্লকের জন্য খরচ (২৮৪৭০X৫০) | | | ১৪২৩৫০০.০০ |
| ০৯ | প্রযুক্তি প্রদর্শনী বোর্ড | ০২ টি | ৩০০০.০০ |
| ১০ | সাইন বোর্ড | ০৪ টি | ২০০০.০০ |
| | | মোট | ১৪২৮৫০০.০০ |

ফসল: বোরো সমলয়ে হাইব্রিড চাষাবাদ ব্লক প্রদর্শনী

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | | ৩৬৩১১৯৯- বীজ ও সার বাদে সকল ব্যয় (টাকা) | | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৮+১২) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ইউরিয়া | ডিএপি | এমওপি | মোট (৫+৬+৭) | প্রযুক্তি প্রদর্শনী বোর্ড | সাইন বোর্ড | প্রত্যাশিত ব্যয় | মোট (৯+১০+১১) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | চকরিয়া | ৫০ | ৯০০০০ | ১১২৫০০ | ৩৮০০০ | ৪৫০০০ | ১৯৫৫০০ | ৩০০০ | ২০০০ | ১১৩৮০০০ | ১১৪৩০০০ | ১৪২৮৫০০ |
| ২ | টেকনাফ | ৫০ | ৯০০০০ | ১১২৫০০ | ৩৮০০০ | ৪৫০০০ | ১৯৫৫০০ | ৩০০০ | ২০০০ | ১১৩৮০০০ | ১১৪৩০০০ | ১৪২৮৫০০ |
| | মোট | ১০০ | ১৮০০০০ | ২২৫০০০ | ৭৬০০০ | ৯০০০০ | ৩৯১০০০ | ৬০০০ | ৪০০০ | ২২৭৬০০০ | ২২৮৬০০০ | ২৮৫৭০০০ |

জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল : বোরো উফশী

| ক্র নং | উপকরণ/খাত | বোরো হাইব্রিড (বিঘা প্রতি খরচ) | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (কেজি) | বিঘাপ্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | বীজ | ০৫ | ২৮৫ |
| ২ | ডিএপি সার | ১০ | ১৯০ |
| ৩ | এমওপি সার | ১০ | ১৮০ |
| | মোট | ২৫ | ৬৫৫ |

ফসল : বোরো উফশী

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯ -বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট (৫+৬) | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৮+৯) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | চকরিয়া | ৩০০০ | ৮৫৫০০০ | ৫৭০০০০ | ৫৪০০০০ | ১১১০০০০ | ১০৭০০০ | ৭৫০০০ | ১৮২০০০ | ২১৪৭০০০ |
| ২ | পেকুয়া | ২০০০ | ৫৭০০০০ | ৩৮০০০০ | ৩৬০০০০ | ৭৪০০০০ | ৭৫০০০ | ৫০০০০ | ১২৫০০০ | ১৪৩৫০০০ |
| ৩ | রামু | ২০০০ | ৫৭০০০০ | ৩৮০০০০ | ৩৬০০০০ | ৭৪০০০০ | ৬৮০০০ | ৫০০০০ | ১১৮০০০ | ১৪২৮০০০ |
| ৪ | সদর | ১২০০ | ৩৪২০০০ | ২২৮০০০ | ২১৬০০০ | ৪৪৪০০০ | ৩৯০০০ | ৩০০০০ | ৬৯০০০ | ৮৫৫০০০ |
| ৫ | উখিয়া | ২০০০ | ৫৭০০০০ | ৩৮০০০০ | ৩৬০০০০ | ৭৪০০০০ | ৭৫০০০ | ৫০০০০ | ১২৫০০০ | ১৪৩৫০০০ |
| ৬ | টেকনাফ | ১০০০ | ২৮৫০০০ | ১৯০০০০ | ১৮০০০০ | ৩৭০০০০ | ৪২৫০০ | ২৫০০০ | ৬৭৫০০ | ৭২২৫০০ |
| ৭ | মহেশখালী | ২০০০ | ৫৭০০০০ | ৩৮০০০০ | ৩৬০০০০ | ৭৪০০০০ | ৮৪০০০ | ৫০০০০ | ১৩৪০০০ | ১৪৪৪০০০ |
| ৮ | কুতুবদিয়া | ১০০০ | ২৮৫০০০ | ১৯০০০০ | ১৮০০০০ | ৩৭০০০০ | ৪৪০০০ | ২৫০০০ | ৬৯০০০ | ৭২৪০০০ |
| ৯ | ঈদগাঁও | ৮০০ | ২২৮০০০ | ১৫২০০০ | ১৪৪০০০ | ২৯৬০০০ | ২৮০০০ | ২০০০০ | ৪৮০০০ | ৫৭২০০০ |
| | মোট | ১৫০০০ | ৪২৭৫০০০ | ২৮৫০০০০ | ২৭০০০০০ | ৫৫৫০০০০ | ৫৬২৫০০ | ৩৭৫০০০ | ৯৩৭৫০০ | ১০৭৬২৫০০ |

**সিদ্ধান্ত নং-২:**ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA`2006 ও PPR`2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কর্মসূচির অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যালয়,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়, পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত নং-৩:** রবি২০২৩-২৪ মৌসুমে অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক বোরো হাইব্রিড প্রণোদনার জন্য ০২ কেজি করে বোরো হাইব্রিড বীজ,সমলয় চাষাবাদের জন্য প্রতি একরের জন্য ০৬ কেজি করে বোরো হাইব্রিড বীজ এবং বোরো উফশীর জন্য ০৫ কেজি করে বোরো উফশী বীজ পাবে। উপকরণ বিতরণে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কারিগরি সহায়তা প্রদান করবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা জমির জন্য বোরো হাইব্রিড ও বোরো উফশী প্রণোদনার উপকরণ সহায়তা প্রদান করা যাবে এবং সমলয়ে চাষাবাদের জন্য যাদের জমি পাশাপাশি/কাছাকাছি এমন কমপক্ষে ৫০ জনের বা ততধিক কৃষক/কৃষক গ্রুপ নির্বাচন করে ৫০ একরের ব্লক প্রদর্শনী বাস্তবায়ন করতে হবে।

**সিদ্ধান্ত নং-৪:** বোরো হাইব্রিড প্রণোদনার জন্য বিএডিসি কর্তৃক প্রয়োজনীয় পরিমাণ বীজ সরবরাহ করতে না পারলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের অনুমোদন নিয়ে হেক্টর প্রতি ৫.০০ টনের (চালে) বেশী ফলনশীল এলাকা উপযোগী ও সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন হাইব্রিড জাতের বীজ প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান/আমদানিকারক/বীজ ডিলারের নিকট হতে নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে, সমলয় চাষাবাদের জন্য হেক্টর প্রতি ৫.০০ টনের (চালে) বেশী ফলনশীল এলাকা উপযোগী ও সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন হাইব্রিড জাতের বীজ বিএডিসি/প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান হতে ক্রয় করতে হবে এবং বোরো উফশীর ৯০% বীজ বিএডিসি হতে সংগ্রহ করতে হবে। অবশিষ্ট ১০% আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প এর তালিকাভুক্ত বীজ উদ্যোক্তাগণের নিকট হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদগম স্বাপেক্ষে বোরো উফশী বীজ সংগ্রহ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৫:** সমলয়ে চাষাবাদের ব্লক প্রদর্শনীতে ৩ ফুট x৫ফুট আকারের ৪টি (সাইনবোর্ডে হাইব্রিড বীজের জাতের নাম, প্রাপ্তির উৎস, উপকরণের পরিমাণ, দায়িত্বপ্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তার নাম উল্লেখ করতে হবে) এবং ৮ফুট x৫ ফুট আকারের ২টি প্রযুক্তি প্রদর্শনীর সাইনবোর্ড দর্শনীয় স্থানে স্থাপন করতে হবে।

**সিদ্ধান্ত নং-৬:** পরিবহন খাতের অর্থ উপজেলার দুরুত্ব অনুসারে ও বাস্তবতার নিরিখে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্যগণ আলোচনান্তে নির্ধারণ করেছেন।

**সিদ্ধান্ত নং-৭:** কর্মসুচির প্রকৃত সুফলপ্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বোরো হাইব্রিড, বোরো উফশী ও বোরো সমলয়েরবীজও সার বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের নিকট ১০ কর্ম দিবসের মধ্যে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৮:** একার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি উপজেলা কৃষি অফিসারদের নিশ্চিত করতে হবে।

সভাপতি বীজ, সার ও অন্যান্য উপকরণবিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ (কৃষি পুনর্বাসনের পরিপত্র) অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে তাগিদ ও পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/১১/২০২৩

মুহম্মদ শাহীন ইমরান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার

স্মারক নং : ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২০.৮৬৮ তারিখ : ১৫/১১/২৩ খ্রি:

অবগতি ও দ্রুত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। চেয়ারম্যান, ....................... উপজেলা পরিষদ (সকল), কক্সবাজার
২। উপজেলা নির্বাহী অফিসার, ..................... (সকল), কক্সবাজার
৩। উপজেলা কৃষি অফিসার, ....................... (সকল), কক্সবাজার
৪। সিনিয়র সহকারী পরিচালক(বীজ)/ উপসহকারী পরিচালক(সার)বিএডিসি ,কক্সবাজার আপনাকে উপজেলা কৃষি অফিসার এর মনোনিত বাহকমারফত প্রণোদনার প্রয়োজনীয় বীজ ও সার সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে
১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা
দৃষ্টি আকষর্নে ঃ উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা
২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৫। জেলা মৎস্য কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, কক্সবাজার
৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৮। অফিস নথি

১৫/১১/২০২৩

মোঃ কবির হোসেন
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।